৫৭।

দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 AUG 1997
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# সরকার ২৫ কোটি টাকা ব্যয়ে প্রাথমিক বিদ্যালয়ের পুষ্টি কর্মসূচী গ্রহণ করবে

**শরিফুজ্জামান পিন্টু**

সরকার প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে পরীক্ষামূলকভাবে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য পুষ্টি কর্মসূচী গ্রহণ করতে যাচ্ছে। বিশ্ব খাদ্য কর্মসূচীর জরিপ অনুযায়ী দেশের সবচেয়ে অনুন্নত, দারিদ্র্যপীড়িত ও পুষ্টি ক্ষেত্রে অনগ্রসর এলাকার ১শ' ২৫টি প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচী গ্রহণ করা হবে। এসব স্কুলে ক্লাস চলাকালীন সময়ের মাঝামাঝি সময়ে বিতরণ করা হবে পুষ্টিযুক্ত খাবার। সংশ্লিষ্ট সূত্রে এ খবর পাওয়া গেছে।

জানা যায়, দরিদ্র পরিবারের শিশুদের বিদ্যালয়ে যেতে উৎসাহিত করা, তাদের পড়াশোনায় মনোযোগী করা, ঝরে পড়া ও স্কুলে অনুপস্থিতির হার কমানো এবং ছাত্রছাত্রীদের স্বাস্থ্য ও পুষ্টির উন্নয়ন সাধনের জন্য প্রকল্পটি হাতে নেয়া হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে নেয়া এ প্রকল্প বাস্তবায়ন করবে স্বাস্থ্য অধিদফতর। চলতি বছর থেকেই প্রকল্পটি চালু হবার কথা। শেষ হবার কথা '৯৮ সালের ডিসেম্বর মাসে। পরীক্ষামূলকভাবে কর্মসূচীটি সফল হলে ব্যাপকভিত্তিতে দেশব্যাপী এ কর্মসূচী গ্রহণ করা হতে পারে।

জানা যায়, ফরিদপুর, কুমিল্লা, যশোর ও বগুড়া জেলার ৮টি থানা ও ২টি কন্ট্রোল থানাসহ মোট ১০টি থানায় পুষ্টি কর্মসূচী চালু করা হবে। সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসা এ প্রকল্পে প্রাধান্য পাবে। এটি বাস্তবায়নে ব্যয় হবে ২৪ কোটি ৬২ লাখ ৪২ হাজার টাকা।

নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়সমূহে ক্লাস চলাকালীন সময়ের মাঝামাঝি পর্যায়ে খাবার কি[illegible] করা হবে। প্রতিদিন একই খাবার খেতে শিশুরা অনীহা প্রকাশ করবে বিধায় তিন ধরনের খাবার পর্যায়ক্রমে দেয়া হবে। খাদ্য তালিকায় থাকবে বনরুটি, ডিম, দুধ, কলা ও মৌসুমী ফল, ডালপুরি প্রভৃতি।